(২৩)

তারিখ ...৩।৮।৮২...
পৃষ্ঠা... ...২... কলাম...৭...

ইত্তেফাক

004

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বি-কম পাস কোর্সের সিলেবাস

বাণিজ্য বিভাগের ছাত্র-ছাত্রীদের ব্যবসায় সংক্রান্ত সব বিষয়ে মোটামুটি ওয়াকিবহাল থাকা বাঞ্ছনীয়। কারণ তারাই বেশীর ভাগ ক্ষেত্রে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত ও প্রাইভেট বাণিজ্যিক প্রতিষ্ঠান-সমূহে নির্বাহী হিসাবে যোগ দেয়। তাই বাণিজ্যিক সকল শাখা সম্বন্ধে তাদের জ্ঞান থাকা অপরিহার্য। অথচ বাংলাদেশের কোন বিশ্ববিদ্যালয়েই বি-কম (পাস) সিলেবাস সবদিক দিয়া পূর্ণাঙ্গ নয়। অবশ্য অতি সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বি-কম (পাস) কোর্সে বিপণনসহ অন্যান্য কয়েকটি বিষয় অন্তর্ভুক্ত করিয়া অপূর্ণাঙ্গতা অনেকটা কাটাইয়া উঠিয়াছেন এবং সকলের ধন্যবাদের পাত্র হইয়াছেন। অন্য বিশ্ববিদ্যালয়গুলি কিন্তু বৃটিশ আমলের সিলেবাস লইয়াই পুরাতন বৃত্তে আবর্তিত হইতেছে। উদাহরণ-স্বরূপ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের তরফ হইতে প্রবল চাহিদা থাকা সত্ত্বেও এই পর্যন্ত মার্কেটিং বা বিপণন বিষয়টি বি-কম (পাস) কোর্সে প্রবর্তন করা হয় নাই। অথচ আজকাল বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠানে চাকুরীর ক্ষেত্রে বিপণন বিষয়টির উপর যথেষ্ট গুরুত্ব আরোপ করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে এই বিষয়টি প্রবর্তন করার ফলে সেখান হইতে পাস করা বি-কম গ্রাজুয়েটগণের সাথে চট্টগ্রাম ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটরা প্রতিযোগিতায় আঁটিয়া উঠিতে পারিতেছে না। আরও আশ্চর্যের ব্যাপার হইল এই যে, সব কয়টা বিশ্ববিদ্যালয়েই অনার্স কোর্সে মার্কেটিং বিষয়টি সংযোজিত করা হইয়াছে বহুকাল পূর্বেই। একই বিশ্ববিদ্যালয়ের তথা একই দেশের প্রায় সমপর্যায়ের দুইটি ডিগ্রীর (বি কম পাস ও অনার্স) সিলেবাসে কোয়ালিটি এইরূপ হেরফের বুঝিয়া উঠা মুশকিল।

এ কথা সবারই জানা যে, বি কম পাস করিয়াই অধিকাংশ ছাত্র চাকরী নিতে বাধ্য হয়। তাহাদের পক্ষে বিশ্ববিদ্যালয়ের মাষ্টার ডিগ্রী নেওয়া সম্ভব হয় না। তাই বিকম পর্যায়েই বিপণন বিষয়টি পড়াইয়া চাকুরীর ক্ষেত্রে প্রতিযোগিতা মোকাবেলা করার সক্ষমতা অর্জনের ব্যবস্থা করা উচিত। বাণিজ্য বিভাগীয় ছাত্রদের পরিপূর্ণ শিক্ষার প্রয়োজনের গুরুত্ব অনুধাবনপূর্বক অচিরেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ন্যায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বি-কম (পাস) কোর্সে মার্কেটিং (বিপণন) অন্তর্ভুক্ত করার জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

—মোঃ মাইনুদ্দিন, গ্রাম: দেওবাড়ী, পোঃ কাশীনগর, কুমিল্লা।